

জুলাই গণ-অভ্যুত্থানের প্রথম বার্ষিকী উদযাপনে ঢাবির কর্মসূচি

ঢাবি প্রতিনিধি



সংগৃহীত ছবি

জুলাই গণ-অভ্যুত্থানের প্রথম বার্ষিকী উদযাপনের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। জুলাই গণ-অভ্যুত্থানের প্রথম বার্ষিকী উদযাপন উপলক্ষে গঠিত কমিটির এক সভায় এসব কর্মসূচি চূড়ান্ত করা হয়। কমিটির আহ্বায়ক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান সভায় সভাপতিত্ব করেন।

গৃহীত কর্মসূচির মধ্যে রয়েছে—জুলাই বিপ্লব ও ছাত্র-জনতার অভ্যুত্থানকে উপজীব্য করে প্রতিটি অনু্ষদে একটি করে সেমিনার আয়োজন।

এ ছাড়া হল, বিভাগ ও ইনস্টিটিউটগুলো পৃথকভাবে আলোচনাসভা/সেমিনার আয়োজন করবে। ‘জুলাই অভ্যুত্থান : তারুণ্যের কণ্ঠস্ব’ প্রতিপাদ্য নিয়ে দুই দিনব্যাপী আন্ত বিভাগ

বিতর্ক উৎসব এবং জুলাই গণ-অভ্যুত্থানের অভিজ্ঞতা নিয়ে

শিক্ষার্থীদের রচনা প্রতিযোগিতার আয়োজন করা হবে।

ন



দালাল সাংবাদিকদের বিচার চাই তবে মব জাস্টিস চাই
না : কাদের গনি

গণ-অভ্যুত্থান বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়কেন্দ্রিক একটি

ডকুমেন্টারি নির্মাণ করা হবে। শিক্ষার্থী নির্যাতন করার ঘটনা

স্মরণে ১৫ জুলাই প্রতিটি আবাসিক হলে পৃথক কর্মসূচি গ্রহণ করা

হবে।

আগামী ১৪ জুলাই রাত ১০টায় এবং রাত ১২টায় টিএসসির রাজু

ভাস্কর্যের সামনে জুলাই গণ-অভ্যুত্থানের প্রথম বার্ষিকী পৃথকভাবে

উদযাপন করা হবে।

জুলাই গণ-অভ্যুত্থানকে কেন্দ্র করে বিশ্ববিদ্যালয়ে একটি স্মৃতিস্তম্ভ

নির্মাণ করা হবে। ১৫ জুলাই ২০২৫ ক্যাম্পাসে এলইডি ডিসপ্লে

করা হবে। ১৫ জুলাই থেকে ৫ আগস্টের মধ্যে যেকোনো একদিন

সমাজের সব শ্রেণির অংশগ্রহণে সর্বজনীন একটি কর্মসূচি গ্রহণ

করা হবে।

ন



ভারতে গেল প্রধান উপদেষ্টার উপহারের আম

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের সকল গ্রাফিতি সংরক্ষণের লক্ষ্যে একটি প্রকাশনা বের করা হবে। আন্দোলনে বিভিন্নভাবে সম্পৃক্ত ছাত্র-শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের অভিজ্ঞতা নিয়ে একটি স্মরণিকাও প্রকাশ করা হবে। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের জুলাইযোদ্ধাদের একটি সঠিক ও পূর্ণাঙ্গ তালিকা প্রকাশের ব্যবস্থা করা হবে।

উল্লেখ্য, জুলাই গণ-অভ্যুত্থানের প্রথম বার্ষিকী উদযাপন উপলক্ষে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরীকে আহ্বায়ক করে তিনটি পৃথক কমিটি গঠন করা হয়েছে।